

Times Today BD

ডেস্ক রিপোর্ট | দেশজুড়ে | 26 April, 2025

মুন্সিগঞ্জের গজারিয়ায় বন্ধুদের সঙ্গে মোটরসাইকেলে ঘুরতে বেরিয়ে অজ্ঞাত যানবাহনের ধাক্কায় নিহত হয়েছে মো. মিরাজ (১৬) নামের এক শিক্ষার্থী। এ সময় আহত হয় মোটরসাইকেলের চালকসহ দুজন।

গতকাল শুক্রবার বিকেল পৌনে ৪টার দিকে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের বাউশিয়া এলাকায় কুমিল্লামুখী লেন থেকে ঢাকামুখী লেনে ইউটার্ন নিতে গেলে এ দুর্ঘটনা ঘটে।

নিহত মোটরসাইকেল আরোহী মিরাজ উপজেলার ভবেরচর ইউনিয়নের আলীপুরা গ্রামের কামাল হোসেনের ছেলে ও গজারিয়া টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের নবম শ্রেণির শিক্ষার্থী। আহতরা হলো সাকিব (১৫) ও রাকিব (১৬)।

প্রত্যক্ষদর্শীরা জানান, শুক্রবার বিকেলে আলীপুরা থেকে তিন বন্ধু মোটরসাইকেল নিয়ে বের হয়। একপর্যায়ে মানাবে ওয়াটার পার্ক এলাকায় কুমিল্লামুখী লেন থেকে ঢাকামুখী লেনে ইউটার্ন নিতে গেলে অজ্ঞাত যানবাহনের ধাক্কায় তিন বন্ধু মোটরসাইকেল থেকে ছিটকে পড়ে গুরুতর আহত হয়। আশপাশের লোকজন গুরুতর আহত অবস্থায় তাদের উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে চিকিৎসক মিরাজের অবস্থা গুরুতর হওয়ায় উন্নত চিকিৎসার জন্য ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে পাঠায়। পরে স্বজনেরা তাকে ঢামেকে নিয়ে গেলে সেখানে মারা যায় মিরাজ।

গজারিয়ার ভবেরচর হাইওয়ে পুলিশ ফাঁড়ির ইনচার্জ শওকত হোসেন ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, এ ঘটনায় আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন।

মুন্সিগঞ্জ শিক্ষার্থী মোটরসাইকেল ওয়াটার পার্ক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 17:18

URL: <https://timestodaybd.com/across-the-country/2008581446>